

CBCS B.A. POLITICAL SCIENCE HONS

SEM III CC5 : INTRODUCTION TO COMPARATIVE GOVERNMENT AND POLITICS

TOPIC-I : Understanding Comparative Politics - a. Nature and Scope

তুলনামূলক রাজনীতির আলোচনা - প্রকৃতি ও পরিধি

Piku Das Gupta, Associate Professor, Dept. of Political Science

I. Understanding Comparative Politics

তুলনামূলক রাজনীতির আলোচনা

a. Nature and scope

প্রকৃতি এবং পরিধি

রাজনীতির গবেষণা ও বিশ্লেষণে একটি নতুন দিক হলো তুলনামূলক শাসন ব্যবস্থা ও রাজনীতি। বিগত শতাব্দীর আর্থ সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি ও পরিবর্তনের প্রেক্ষাপটে পঠন-পাঠন ও গবেষণার একটি নতুন ক্ষেত্র হিসেবে তুলনামূলক শাসন ব্যবস্থা ও রাজনীতি বিশেষ জনপ্রিয়তা লাভ করেছে। তুলনামূলক শাসন ব্যবস্থা ও রাজনীতির অভিনবত্ব হলো:

- ১) রাষ্ট্র ও রাজনৈতিক ব্যবস্থার আলোচনাকে কেন্দ্রীয় স্তরে আবধ্য না রেখে তার পরিধির ক্ষেত্র কে উন্মোচিত করা। উন্নত ও উন্নয়নমুখী রাষ্ট্র ব্যবস্থার বিভিন্ন ও বিচিত্র বৈশিষ্ট্য গুলোকেই পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা।
- ২) নতুন রাষ্ট্রের সমস্যা (আর্থ সামাজিক, জাতি গঠন, উন্নয়ন), বিশ্বায়নের চাপ, নাগরিক শিক্ষা ও সুরক্ষা – এর আলোচনা।
- ৩) বিভিন্ন রাষ্ট্রগুলিকে পাশাপাশি রেখে তুলনা করাই এর লক্ষ্য।
- ৪) তুলনামূলক রাজনীতির আলোচনা পরিস্থিতি পরিবেশ ও প্রয়োজনের সাথে তাল রেখে আর্থ সামাজিক রাজনৈতিক আলোচনা করতে আগ্রহী।

তুলনামূলক শাসনব্যবস্থা ও রাজনীতির আলোচনায় রাষ্ট্র শাসন ও রাজনীতির ব্যবহারিক ও বাস্তব আলোচনা ও বিশ্লেষণ গুরুত্ব পায়। এই আলোচনায় একটি বা কতিপয় দেশের নয়, বিভিন্ন ও বিচিত্র দেশের সরকারী বা শাসন প্রক্রিয়ার তুলনামূলক ব্যাখ্যা ও বিশ্লেষণ। শুধুমাত্র আইনগত কাঠামোগত আবরণে শাসন ব্যবস্থার ব্যাখ্যা নয়, তুলনামূলক শাসন ও রাজনীতি আসলে শাসন ও রাজনীতির আচরণগত বিশ্লেষণ ও বটে। রাজনীতির আলোচনায় যদি তুলনার কোন তাত্পর্য না থাকে এবং আলোচনা শুধুমাত্র একটি বা দুটি দেশের সরকারী ব্যবস্থার সীমানায় বাধা থাকে এবং সেই আলোচনায় যদি সংশ্লিষ্ট দেশের সাংবিধানিক ভিত্তি, ক্ষমতার সংগঠন, ক্ষমতার ব্যবহার আলোচনা না হয় তাহলে সেই আলোচনা সন্তোষজনক হবে না।

রাজনীতির ধারণাটিকে যেকোন দৃষ্টিকোণ থেকেই ব্যাখ্যা করা হোক না কেন, তাহলে দেখা যাবে বিশ্বের বিভিন্ন দেশের রাজনৈতিক ব্যবস্থা সমরূপ সম্পন্ন নয়, নানা বিষয়ে রাজনৈতিক কাঠামোগুলির মধ্যে পার্থক্য দেখা যায়। বিভিন্ন দেশের রাজনৈতিক ব্যবস্থার মধ্যে যেমন অনেক সাদৃশ্য আছে, তেমনই বৈসাদৃশ্যও আছে। তুলনামূলক রাজনীতির বৈশিষ্ট্য হলো বিভিন্ন রাজনৈতিক ব্যবস্থাগুলির মধ্যে যুক্তিসঙ্গত ও বৈজ্ঞানিক ভাবে তুলনা করা।

বিভিন্ন রাষ্ট্র বিজ্ঞানী যেমন GABRIEL ALMOND, EASTON, ROBERT DAHL বলেছেন রাজনৈতিক ব্যবস্থার মধ্যে তুলনামূলক আলোচনা ছাড়া রাজনৈতিক ব্যবস্থার প্রকৃত স্বরূপ জন সম্ভব নয়। তুলনামূলক রাজনীতির আলোচনার পরিধির মধ্যে যে বিষয় গুলি অন্তর্ভুক্ত করার কথা সেগুলি হলো :

- ক) রাজনৈতিক ক্রিয়াকলাপ (Political Activity)
- খ) রাজনৈতিক প্রক্রিয়া (Political Process)
- গ) রাজনৈতিক ক্ষমতা (Political Power)

রাজনৈতিক ক্রিয়াকলাপ (Political Activity):

রাজনৈতিক ক্রিয়াকলাপ যেকোন রাজনৈতিক ব্যবস্থায় প্রতিনিয়ত ঘটছে। ক্রিয়াকলাপ বলতে বোঝায় বিভিন্ন প্রকার কাজকর্মে রাষ্ট্রের হস্তক্ষেপ। যে কোন রাষ্ট্রের মূলত দুটি কাজ – আইনশৃঙ্খলা রক্ষার মাধ্যমে নাগরিকদের নিরাপত্তা প্রদান এবং এবং রাজনৈতিক ব্যবস্থার অভ্যন্তরে যে সমস্ত সংঘাত দেখা

দেয় সেই গুলির মিমাংসা করা। যদিও বর্তমানে রাষ্ট্র নাগরিকদের জন্যে নানাবিধ কল্যাণমূলক কাজ করে। তুলনামূলক রাজনীতি রাজনৈতিক ব্যবস্থার মধ্যে তুলনা করার সময় বিরোধ মিমাংসা, আইনশৃংখলা রক্ষা এবং জনকল্যাণ মূলক কাজগুলির রাজনৈতিক ব্যবস্থা কি ভাবে করে সেই দিকে দৃষ্টি দেয় কারণ এই সমস্ত কাজ গুলি করার সময় রাজনৈতিক ব্যবস্থাগুলি একই প্রকার উপায় বা পদ্ধতি অবলম্বন করে এমনটা নয়।

রাজনৈতিক প্রক্রিয়া (Political Process) :

রাজনৈতিক প্রক্রিয়ার ধারণাও তুলনামূলক রাজনীতির আলোচনায় উপস্থিত। কে কোন রাজনৈতিক ব্যবস্থায় আইনি প্রতিষ্ঠান ছাড়াও নানা ধরনের সংগঠন ক্রিয়াশীল যেগুলি কে – Non State Actor বলেও অভিহিত করা হয়। রাষ্ট্র ব্যবস্থায় এই সমস্ত প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। রাষ্ট্রের নীতি নির্ধারণে ও আরও বিষয়ে অংশ নিয়ে থাকে। সুতরাং তুলনামূলক রাজনীতির আলোচনায় এই সমস্ত প্রক্রিয়ার আলোচনা প্রয়োজন।

রাজনৈতিক ক্ষমতা (Political Power):

যে কোন রাজনৈতিক ব্যবস্থায় ক্ষমতা দখলের লড়াই বর্তমান। তুলনামূলক রাজনীতির একটি বিশেষ উপাদান হলো ক্ষমতা দখল ও বন্টনের বিশ্লেষণ করা এবং বিশ্লেষণ করে সিদ্ধান্তে উপনীত হওয়া।

রাজনৈতিক ব্যবস্থার বিকাশ ও সমাজিকীকরণ দুই প্রতিনিয়ত চলছে এবং এই অগ্রগতির প্রভাব তুলনামূলক রাজনীতির ওপর পড়ছে যার ফলে এর পরিধি ক্রমাগত বিস্তৃত হচ্ছে। তুলনামূলক রাজনীতি অতীতে মূলত পশ্চিমের দেশগুলির কাঠামোর মধ্যেই আবদ্ধ ছিলো কিন্তু এখন তা অনেক সম্প্রসারিত হয়েছে। রাজনৈতিক ব্যবস্থা একটি উন্মুক্ত ব্যবস্থা এবং এর ওপরে সমগ্র পরিবেশের এবং নানা শক্তির প্রভাব পড়ছে। এই ক্রিয়া-প্রক্রিয়া প্রতিনিয়ত ঘটে চলেছে। রাজনৈতিক ব্যবস্থার এই উন্মুক্ততা তার বিশ্লেষণের পরিধি বাড়িয়ে দিয়েছে এবং সেই কারণেই তুলনামূলক রাজনীতির পরিধি বেড়ে চলেছে।